



রাজা রামমোহন রায় ২৫০তম জন্মজয়ন্তী উৎসব

১৯৩তম সতীপ্রথা বিলোপ দিবস উদযাপন ঃ ৪ঠা ডিসেম্বর ২০২১ ঃ
মহিলা সাইক্লিস্টদের নেতৃত্বে সাইকেল র্যালি

রাজা রামমোহন রায় ও তাঁর কতিপয় বন্ধুর লাগাতার যুক্তিযুক্ত পরিণতি পায় ভারতের গভর্নর জেনারেল লর্ড উইলিয়াম বেন্টিক্‌ক ঘোষিত সতীপ্রথা বিলোপ আইনে যা জারি হয়েছিল ৪ঠা ডিসেম্বর ১৮২৯ সালে। এই আইন জারির বিরুদ্ধে এবং এমন একটি ঘৃণ্য প্রথা অবলোপ না করার পক্ষে আপিল করেছিলেন শতাধিক বিশিষ্ট নাগরিক। ভাবলে অবাক হয় সুস্থ মানবিক মন। সেই রক্ষণশীলদের বিরুদ্ধে রামমোহন এক আইনী লড়াই লড়েছিলেন মরণপণ। ১৮৩০ সালের ১৫ই নভেম্বর 'আলবিঅন' জাহাজে চড়ে রওয়ানা হলেন ইংলন্ড অভিমুখে। তারপর রচিত হলো এক ইতিহাস। শুধু জয় নয়, দেশে বিদেশে রামমোহনের জয়জয়কার ধ্বনিত হলো। নারীর সম্মান রক্ষায় একধাপ এগোলেন এক অতি অমানবিক নির্মম সামাজিক বাতাবরণে। এই অমানুষিক পরিশ্রমের ধকল শরীরে সহিল না। তাই জীবিত চোখে তাঁর আর স্বদেশ দেখা হলো না। ব্রিস্টল শহরে দেহ রাখলেন ২৭শে সেপ্টেম্বর ১৮৩৩।



রামমোহন লাইব্রেরি এই ৪ঠা ডিসেম্বর দিনটি প্রতি বছর উদযাপন করে নারীর সম্মানরক্ষার প্রতীক দিবস উপলক্ষে। রাজা রামমোহন রায়ের জন্মদিন ২২শে মে থেকে এই বছর তাঁর ২৫০তম জন্মজয়ন্তী উৎসব পালন চলছে। আগামী ৪ঠা ডিসেম্বর, শনিবার এক বিশেষ সাইকেল র্যালির আয়োজন করা হয়েছে যার নেতৃত্ব দেবেন মহিলা সাইক্লিস্টরা। কলকাতা সাইকেল সমাজ এবং শহর ও মফস্বলের অন্য সকল প্রথিতযশা সাইক্লিস্ট, সাইক্লিস্ট সংগঠন তথা সাইকেলপ্রেমীদের প্রতি এই দিবসটি যথাযথ উদযাপনে সহযোগিতার আহ্বান জানাচ্ছে রামমোহন লাইব্রেরি। আমাদের আন্তরিক আশা সাজা পাব।



সাইকেল, নারীর সম্মান, আর 'গ্রন্থাগার'-এর জ্ঞান ও চেতনা এই তিন আদর্শর সফল মিলনের আহ্বান জানাচ্ছে রামমোহন লাইব্রেরি।



বাইসাইকেল আর বই এক বৈপ্লবিক পরিবর্তন আনুক নারী জীবনে।

মহিলাদের নেতৃত্বে এই বিশেষ সাইকেল র্যালির যাত্রাপথ হবে 'বাংলার নবজাগরণ'-এর স্মরণ সরণি বেয়ে পুরনো কলকাতার পথ ধরে। শুরু হবে সুকিয়া স্ট্রিটের নিকটবর্তী রামমোহন রায়ের বাসভবন, বর্তমানে কলকাতা পুলিশের ডেপুটি কমিশনারের-এর অফিসের সামনে থেকে (১১৩, এ পি সি রোড, কলকাতা ৭০০ ০০৯)। সকাল সাড়ে সাতটায় জমায়েত। তারপর শ্যামবাজার, বাগবাজার, গিরিশ এভিনিউ, রাজবল্লভপাড়া, মদনমোহনতলা, কুমোরটুলি, সুতানুটি-শোভাবাজার, আহিরীটোলা, নিমতলা, জোড়াবাগান, গরাণহাটা, নতুনবাজার, রবীন্দ্রকানন, বিডন স্ট্রিট, হেদুয়া, সিমলা, চালতাবাগান, মানিকতলা, রাজা রামমোহন রায় সরণি, বিদ্যাসাগর স্ট্রিট, সুকিয়া স্ট্রিট, গড়পার রোড, রামমোহন রায় রোড, আচার্য প্রফুল্লচন্দ্র রোড হয়ে বসু বিজ্ঞান মন্দিরের সামনে যাত্রা শেষ। লাইব্রেরির তরফে আমরা আপনাদের সঙ্গে পরিচয় করিয়ে দেবো বাংলার নবজাগরণের পথিকৃৎ মহান ব্যক্তিদের বাসভবন বা কর্মস্থলের সাথে এক বিশেষ ধারাবিবরণীর মাধ্যমে। বারো কিমি এই যাত্রাপথে আমরা নতুন করে পাব বাংলার গৌরবের ছোঁয়া।

রামমোহন লাইব্রেরির তরফে সুদূরের যাত্রীদের জন্য রাত্রিকালীন আবাসের সুবন্দোবস্ত থাকছে। আপনাদের সকলের আন্তরিক অংশগ্রহণে এই ঐতিহাসিক ১৯৩তম সতীপ্রথা বিলোপ দিবসটি সাফল্যের সাথে উদযাপিত হোক এই আমাদের ঐকান্তিক কামনা।

শুভমস্তু।

অলোকেন্দু মুখার্জি
সভাপতি
রামমোহন লাইব্রেরি

শঙ্কর ভট্টাচার্য
সাধারণ সম্পাদক
রামমোহন লাইব্রেরি

সন্দীপন সেন
সভাপতি, রামমোহন ২৫০তম
জন্মজয়ন্তী উদযাপন কমিটি

যোগাযোগ [গ্রন্থাগার বিষয়ে]

সজল মিত্র (৭০০৩২ ৫৮৫৬১)
সঞ্জিত মিত্র (৮৬৯৭৭ ৪৮৮৫৯)

যোগাযোগ [বাইসাইকেল র্যালি বিষয়ে]

সুনীশ দেব (৯২৩০৫৪৭৩৪৭, ৯৮৩০৩২০০৯৯)
প্রিয়াঙ্কা চ্যাটার্জি (৯৪৩৪৮ ৫৩৫৯৫)
ঋতুপর্ণা ভট্টাচার্য (৮০১৩৬ ০৩৩০০)

রামমোহন লাইব্রেরি এন্ড বুক রিডিং রুম
২৬৭ আচার্য প্রফুল্লচন্দ্র রোড, কলকাতা ৭০০ ০০৯
২১.১১.২০২১